

QP Code: 22/PT/1/II

স্নাতকোত্তর পাঠক্রম (P.G.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা (Term End Examination) : জুন, ২০২২ / ডিসেম্বর, ২০২২

বাংলা (Bengali)

দ্বিতীয় পত্র (2nd Paper : BHASABIGNAN O SAHITYATATWA)

সময় : চার ঘন্টা

পূর্ণমান : ১০০

Time : 4 hours

Full Marks : 100

(মানের গুরুত্ব : ৮০%)

(Weightage of Marks : 80%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সুচিত আছে।

Special credit will be given for precise and correct answer. Marks will be deducted for spelling mistakes, untidiness and illegible handwriting.

The figures in the margin indicate full marks.

১. যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪৫০ শব্দে) : ১৮ × ২ = ৩৬
- ক) “গঠনমূলক ভাষাতত্ত্বের প্রথম প্রবক্তা হিসেবে সুইস ভাষাতাত্ত্বিক ফার্দিনা দ্য সোস্যুর”-এর কৃতিত্ব বিচার করুন।
- খ) বাগযন্ত্রের চিত্র অঙ্কন করে মানুষের বাগযন্ত্রের পরিচয় দিন।
- গ) রূপকল্প-রূপবিকল্প নির্ণয়ের পদ্ধতি উদাহরণসহ আলোচনা করুন।
- ঘ) নোয়াম চমস্কি প্রস্তাবিত দ্বি-বিভাজিত তত্ত্বের পরিচয় দিন।
২. যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) : ১২ × ৩ = ৩৬
- ক) ভাষাতত্ত্ববিদ অগাস্ট শ্লেইশার-এর গবেষণা ঐতিহাসিক ভাষাতত্ত্ব-চর্চায় গুরুত্বপূর্ণ কেন তা আলোচনা করে দেখান।
- খ) ভাষাবিজ্ঞানে ‘ধ্বনি-ধ্বনিকল্প-ধ্বনিবিকল্প’ — এই তিনটি ধারণা কেন প্রয়োজনীয় তা নির্দেশ করুন।
- গ) অ-মৌলিক বাক্য কাকে বলে? উদাহরণ দিয়ে বুঝিয়ে দিন।

PG/TE-2041

[Turn over

- ঘ) সমাজভাষাবিজ্ঞানের গবেষণায় ক্ষেত্রসমীক্ষার প্রয়োজন কেন তা বুঝিয়ে দিন ।
- ঙ) কাব্যবিচারের ক্ষেত্রে ধ্বনিবাদীদের মতবাদ কতটা গ্রহণযোগ্য তা বিচার করুন ।
- চ) বস্তুবাদী সমালোচনা সম্পর্কে আপনার ধারণাটি ব্যক্ত করুন ।
৩. যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ১৫০ শব্দে) : ৭ × ৪ = ২৮
- ক) বাংলা ক্রিয়াপদের কাল নিয়ে সংক্ষেপে আলোচনা করুন ।
- খ) বাংলা বাক্যখণ্ডের একটি সংক্ষিপ্ত পরিচয় দিন ।
- গ) বাংলা ভাষার নঞর্থক বাক্য সম্পর্কে আপনার ধারণাটি লিপিবদ্ধ করুন ।
- ঘ) বাংলা বাক্যের পদগুচ্ছ সংগঠন সূত্রটি বিশ্লেষণ করে দেখান ।
- ঙ) ভাষা সংস্কার বিষয়ে একটি সংক্ষিপ্ত নিবন্ধ লিখুন ।
- চ) কবির ভাষা উক্তি নয়, বক্রোক্তি । — এ বিষয়ে কুম্ভকাচার্যের মতবাদটির পরিচয় দিন ।
- ছ) ক্লাসিকাল সাহিত্যবিচার-এর মূল ভাবনাটির পরিচয় দিন ।
- জ) বৃক্ষরেখাচিত্রের মাধ্যমে প্রদত্ত বাক্যটির সংবর্তনগুলি নির্দেশ করুন —
‘ছেলেটি তাকে কলেজে যেতে দেখল ।’
